

## সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫৯১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৯৫০]

৫২/ তাফসীর (کتاب تفسیر)

পরিচ্ছেদঃ আল্লাহ্র বাণীঃ اَ اَوَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَى "তোমার প্রতিপালক তোমাকে পরিত্যাগ করেন নি এবং তোমার প্রতি বিরূপও হননি (৯৩ ° ৩৩) اَ وَدَّعَكَ الله শব্দটি তাশদীদ ও তাখফীফ অর্থাৎ اَوَدَعَكَ উভয় ভাবেই পড়া যায়। উভয় অবস্থাতে অর্থ একই। তোমাকে রব পরিত্যাগ করেননি। ইবন আব্বাস (রাঃ) বলেন, এর অর্থ হচ্ছে, তোমাকে তোমার রব পরিত্যাগ করেননি এবং তোমার প্রতি বিরূপও হয় নি।

باب :قَوْلُهُ {مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَى} تُقْرَأُ بِالتَّشْدِيْدِ وَالتَّخْفِيْفِ بِمَعْنَى وَاحِدٍ مَا تَرَكَكَ رَبُّكَ وَلَكَ رَبُّكَ وَعَا أَبْغَضَكَ وَقَالَ ابْنُ عَبَّاسِ مَا تَرَكَكَ وَمَا أَبْغَضَكَ

## আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهَيْرُ، حَدَّثَنَا الأَسْوَدُ بْنُ قَيْسٍ، قَالَ سَمِعْتُ جُنْدُبَ بْنَ سُفْيَانَ ـ رضى الله عنه ـ قَالَ اشْتَكَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَلَمْ يَقُمْ لَيْلَتَيْنِ أَوْ ثَلاَتًا، فَجَاءَتِ امْرَأَةٌ فَقَالَتْ يَا مُحَمَّدُ إِنِّي لأَرْجُو أَنْ يَكُونَ شَيْطَانُكَ قَدْ تَرَكَكَ، لَمْ أَرَهُ قَرِبَكَ مُنْذُ لَيْلَتَيْنِ أَوْ ثَلاَتًا. فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ (وَالضَّحَى \* وَاللَّيْلِ إِذَا سَجَى \* مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَى)

বাংলা

সুরা দুহা

وَقَالَ مُجَاهِدٌ إِذَا سَجَى اسْتَوَى وَقَالَ غَيْرُهُ سَجَى أَظْلَمَ وَسَكَنَ عَائِلًا و عِيَالٍ

মুজাহিদ (রহঃ) বলেন, إِذَا سَجَى "যখন তা সমান সমান হয়", মুজাহিদ (রহঃ) ব্যতীত অন্যরা বলেন, إِذَا سَجَى মানে যখন তা নিঝুম ও অন্ধকারাচ্ছন্ন হয়। عَآئِلًا निঃস্ব।

৪৫৯১। আহমদ ইবনু ইউনুস (রহঃ) ... জুনদুব ইবনু সুফইয়ান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, অসুস্থতার কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুই বা তিন রাত তাহাজ্জুদের জন্য উঠতে পারেন নি। এসময় এক মহিলা এসে বলল, হে মুহাম্মাদ! আমার মনে হয়, তোমার শয়তান তোমাকে পরিত্যাগ করেছে। দুই বা তিন দিন ধরে



আমি তাকে তোমার কাছে আসতে দেখছি না। তখন আল্লাহ নাযিল করলেনঃ "শপথ পূর্বাহ্লের, শপথ রজনীর যখন তা গভীর হয়, আপনার রব আপনাকে পরিত্যাগ করেননি এবং আপনার প্রতি বিরূপও হন নি" (৯৩ঃ ৩)।

## **English**

Narrated Jundub bin Sufyan:

Once Allah's Messenger () became sick and could not offer his night prayer (Tahajjud) for two or three nights. Then a lady (the wife of Abu Lahab) came and said, "O Muhammad! I think that your Satan has forsaken you, for I have not seen him with you for two or three nights!" On that Allah revealed: 'By the fore-noon, and by the night when it darkens, your Lord (O Muhammad) has neither forsaken you, nor hated you.' (93.1-3)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জুনদুব ইবনু সুফইয়ান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন